

**ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ**  
**আগ্রাবাদ শাখা, চট্টগ্রাম।**

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধককৃত সম্পত্তির নিলাম বিজ্ঞপ্তি।

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, আগ্রাবাদ শাখা, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম এর ঋণগ্রহীতা মেসার্স পেরেস বিয়ারিং, ব্যবস্থাপনা পরিচালক- জনাব মির্জা এ. সাইদ, চেয়ারপারসন- মিসেস হাসিনা সাইদ, ঠিকানা- বাড়ী নং- ১০/বি-২, রোড নং- ৩/এ, জাকির হোসেন রোড, খুলশী, চট্টগ্রাম, কর্তৃক গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি সমূহ রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি সমূহ আদালতের আদেশ ছাড়াই বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ৩০/০৪/২০১৫ ইং তারিখ পর্যন্ত খেলাপী ঋণ বাবদ ব্যাংকের পাওনা মোট ২,২৫,৬৯,৪০৯.৯৬ (দুই কোটি পঁচিশ লক্ষ উনসত্তর হাজার চার শত নয় টাকা এবং ছিয়ান্নব্বই পয়সা মাত্র) এগারো লক্ষ পঁচানব্বই হাজার পাঁচশত আটাশি টাকা পঞ্চাশ পয়সা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে তফসিলভুক্ত সম্পত্তি সমূহ নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্নঙ্গ ঠিকানা উলেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

**বন্ধকী সম্পত্তি সমূহের তফসিল**

১। জেলা- চট্টগ্রাম, থানা- সাবেক পাঁচলাইশ হালে খুলশী, মৌজা- খুলশী, আর.এস. ১৩৪ ও ১৫০ নং খতিয়ানাদির আর.এস. ৬৮৬, ৬৮৭ ও ৭৩৮ নং দাগাদির সামিল পি.এস. ৩ নং খতিয়ানের ও নামজারী জমাভাগ পি.এস. ৩/৪৮৩ নং খতিয়ানের পি.এস. ৪৮১ নং দাগের সামিল চট্টগ্রাম কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিঃ এর নিজস্ব লে-আউট প্লানের ১/সি নং প্লটের ১৬.৬৬ শতাংশ ভিটি ভূমির উপর নির্মিত 'ফয়জুন ভিন্টা' নামক এ্যাপার্টমেন্ট ভবনের নবম তলায় অবস্থিত বি টাইপ এ্যাপার্টমেন্ট, আয়তন ১৮৫০ বর্গফুট এবং বেইজমেন্ট ফ্লোরে ১৩৬ বর্গফুট আয়তনের কার পার্কিং স্পেস নং- ৮, সর্বমোট ১৯৮৬ বর্গফুট এবং অবিভক্ত ও অচিহ্নিত ০.০০৫২ একর ভিটি ভূমি সহ ভবনের সকল কমন স্পেস ও সুবিধাদি যাহার চৌহদ্দিঃ উত্তরে- প্লট নং- ২/সি, দক্ষিণে- প্লট নং- ১১/বি-২, পূর্বে- প্লট নং- ৩/বি এবং পশ্চিমে- রোড নং-৪।

২। জেলা- চট্টগ্রাম, থানা- সাবেক পাঁচলাইশ হালে খুলশী, মৌজা- খুলশী, আর.এস. ১৩৪ ও ১৫০ নং খতিয়ানাদির আর.এস. ৬৮৬, ৬৮৭ ও ৭৩৮ নং দাগাদির সামিল পি.এস. ৩ নং খতিয়ানের ও নামজারী জমাভাগ পি.এস. ৩/৪৮৩ নং খতিয়ানের পি.এস. ৪৮১ নং দাগের সামিল চট্টগ্রাম কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিঃ এর নিজস্ব লে-আউট প্লানের ১/সি নং প্লটের ১৬.৬৬ শতাংশ ভিটি ভূমির উপর নির্মিত 'ফয়জুন ভিন্টা' নামক এ্যাপার্টমেন্ট ভবনের দ্বিতীয় তলায় পূর্ব পাশের দক্ষিণ অংশে অবস্থিত এ টাইপ এ্যাপার্টমেন্ট, আয়তন ২১৩২ বর্গফুট এবং বেইজমেন্ট ফ্লোরে ১৩৬ বর্গফুট আয়তনের কার পার্কিং স্পেস নং- ১৪, সর্বমোট ২২৬৮ বর্গফুট এবং অবিভক্ত ও অচিহ্নিত ০.০০৫৯ একর ভিটি ভূমি সহ ভবনের সকল কমন স্পেস ও সুবিধাদি যাহার চৌহদ্দিঃ উত্তরে- প্লট নং- ২/সি, দক্ষিণে- প্লট নং- ১১/বি-২, পূর্বে- প্লট নং- ৩/বি এবং পশ্চিমে- রোড নং-৪।

**নিলামের শর্তাবলী**

- (১) আগামী ২৩/০৬/২০১৫ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, আগ্রাবাদ শাখা, চট্টগ্রাম এ রক্ষিত বাস্তব সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ টার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- (২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর এর ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার এর মাধ্যমে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, আগ্রাবাদ শাখা, চট্টগ্রাম এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- (৩) উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে প্রথম সর্বোচ্চ দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- (৪) দরদাতাগন তফসিলভুক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবে না।
- (৫) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- (৬) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রয়োজ্য শুল্ক প্রভৃতি দরদাতাকেই বহন করিতে হইবে।
- (৭) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- (৮) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, আগ্রাবাদ শাখা, চট্টগ্রাম।